## শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

# তালগাছ

লেখক- রবীন্দ্রনাথ ঠাকুর।

প্রকৃতি- শিশুভাবনামূলক।

## তৃতীয় শ্রেণি

## সারমর্ম

তালগাছ কবিতাটি শিশুভাবনামূলক, যদিও কোনো শিশু এখানে নেই। কিন্তু শিশুভাবনার বিভিন্ন দিক এই কবিতার মধ্যে দিয়ে প্রকাশ পেয়েছে। একটি শিশু যেমন কল্পনার রাজ্যে ঘুরে বেড়ায়, তেমনই তালগাছও তার গোলাকার পাতাগুলিকে ডানা বলে কল্পনা করে কালো মেঘ ফুঁড়ে অসীম আকাশে উড়ে যেতে চায়। শিশুরা যেমন স্বাধীনচেতা, কোনো বাধা-নিষেধ মানতে চায় না, তেমনই তালগাছও মনে করে, তারাদের এড়িয়ে, সারা আকাশ ঘুরে বেড়াতে তার কোনো বাধা নেই। শিশুরা যেমন যা ভালোবাসে তাকে কাছে পেতে ও নিতে চায় তেমন তালগাছও কল্পনার জগৎ থেকে বাস্তবের জগতে ফিরে এসে মাটিরূপী মায়ের কাছেই আশ্রয় নেয়।

[কবিতাটি মুখস্থ করবে, বই থেকে কবি পরিচিতি, শব্দার্থ ও বিপরীত শব্দ পড়বে।]

### ১) এককথায়/পূর্ণবাক্যে উত্তর দাও:-

ক) কে এক পায়ে দাঁড়িয়ে আছে? ( নিজে লেখো)

খ) তালগাছ কোথায় উড়ে যেতে চায়?

উঃ- তালগাছ কালো মেঘ ফুঁড়ে অসীম আকাশে উড়ে যেতে চায়।

গ) তালগাছের পাতাগুলি কেমন? (নিজে লেখো)

ঘ) কাকে তালগাছ তার ডানা বলে ভেবেছে?

উঃ- তালগাছ তার গোল গোল পাতাকে ডানা বলে ভেবেছে।

ঙ) কখন তালগাছ মনে করে সে উড়ছে?

উঃ- হাওয়ায় যখন তালগাছের পাতাগুলি কাঁপতে থাকে তখন সে মনে করে যে সে উড়ছে।

চ) মনে মনে তালগাছ কোথায় উড়ে বেড়ায়?

উঃ- তালগাছ মনে মনে অসীম আকাশে, তারাদের পেরিয়ে অনেক উঁচুতে উড়ে বেড়ায়।

ছ) মনে মনে উড়ে বেড়ানোর মধ্যে দিয়ে শিশুভাবনার কোন দিক প্রকাশ পেয়েছে?

উঃ- এখানে শিশুভাবনার কল্পনাপ্রবণ দিকটি প্রকাশ পেয়েছে।

জ) তালগাছের মন কখন মাটিতে ফিরে আসে?

উঃ- যখন হাওয়া থেমে যায়, পাতা আর কাঁপে না তখন তালগাছের মন মাটিতে ফিরে আসে।

ঝ) কাকে তালগাছ তার মা বলে ভেবেছে? ( নিজে লেখো )

## ২)প্রশ্নগুলির উত্তর দাও:-

ক) তালগাছ একপায়ে দাঁড়িয়ে আছে কেন?

উঃ- তালগাছের যেহেতু কোনো শাখা প্রশাখা নেই ,এক কান্ড বিশিষ্ট উদ্ভিদ তাই মনে হয় সে এক পায়ে দাঁড়িয়ে আছে।

খ) তালগাছ মাটিকে মা বলে ভেবেছে কেন?

উঃ- যিনি আমাদের জন্ম দেন, স্নেহ-যত্ন-মমতা-ভালোবাসা দিয়ে বড়ো করে তোলেন তাঁকেই আমরা মা বলি। তেমনই তালগাছের জন্ম মাটিতে, মাটির সঞ্চিত রসেই সে লালিত-পালিত। মাটিকে আশ্রয় করেই তার বৃদ্ধি। তাই মাটিকে সে মা বলে ভাবে।

## ৩)শূন্যস্থান পূরণ করো:- (বাড়ির কাজ)

মনে সাধ, ___ মেঘ ফুঁড়ে যায়,
___ উড়ে যায়,
কোথা পাবে ___ সে?

## ৪)বাক্য রচনা করো:-

কালো মেঘ(নমুনা) - বর্ষাকালে আকাশে কালো মেঘ দেখা যায়।

সাধ, পাতাপত্তর, পৃথিবী। (বাড়ির কাজ)।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য
- **Comment Box**-এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।